

শিক্ষাক্ষেত্রে সরকারের বিনিয়োগ বেশি, তাই অর্জনও বেশি

যশোরে এইচ টি ইমাম

■ যশোর অফিস

প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমাম বলেছেন, শিক্ষার্থীদের দক্ষ জ্ঞানশক্তি হিসেবে পাড়া তুলতে হবে। শিক্ষায় বিনিয়োগের বৃদ্ধি আর কোনো বিনিয়োগ এড়ানো হতে পারে না। তাই সরকার শিক্ষাক্ষেত্রে সবচেয়ে বেশি বিনিয়োগ করছে। একদা সরকারের শিক্ষায় অর্জনও বেশি। শনিবার দুপুরে যশোর বিশ্ববিদ্যালয় ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৮ম বিশ্ববিদ্যালয় দিবসে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আমুন সাতারের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য খালেদুর রহমান টিটো ও যশোরের মেলা প্রশাসক মোস্তাফিজুর রহমান। আরো বক্তব্য রাখেন ট্রেজারার ড. জামাল হোসেন, রেজিস্ট্রার ড. আহসান হাবীব, ডিন ড. শেখ আনিসুর রহমান, ডিন ড. নিজামুর রহমান, অধ্যাপক ড. নাসিম রেজা, শিক্ষার্থীদের পক্ষে মাস্টার্সের ছাত্র সংগ্রহ ব্যানাজী বাব্বা, চতুর্থ বর্ষের ছাত্রী জামাতুল ফেরদৌস। বর্ণাঢ্য শোভাযাত্রা, বৃক্ষরোপণ, আলোচনা সভা ও নবোন্মত সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে দিবসটি উদযাপিত হয়েছে।